

রাখাইন শিক্ষার্থীকে চেক তুলে দিচ্ছেন বরগুনা'র অতিরিক্ত পুলিশ সুপার

## শিক্ষাবৃত্তি

অর্থায়নে: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এবং সংগ্রাম'র নিজস্ব অর্থায়ন)। কার্যক্রম শুরু : ২০১২ থেকে চলমান। বাস্তবায়নাধীন এলাকা: সংগ্রাম'র সমগ্র কমএলাকা। কর্মকৌশল: সংগ্রাম'র সদস্যদের সন্তান যারা জিপিএ ৪.০০ থেকে ৪.৯৯ পেয়েছে তাদের প্রতি বছর ১২,০০০ টাকা করে ২ বছরে ২৪,০০০ টাকা সহায়তা, বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তির আওতাভুক্তদের প্রতি মাসে ৩,০০০ টাকা অনুদান প্রদান।

**এসডিজি লিঙ্কেজ:** এসডিজি গোল-৪, লক্ষ্য-৪.৩, সূচক-৪.৪.১।

**উল্লেখযোগ্য অর্জন :** ৫২০ পড়ুয়াকে এযাবৎ ৭২,৪৮,০০০ টাকা শিক্ষা সহায়তা প্রদান করা হয়েছে।

## বিনামূল্যে চক্ষুচিকিৎসা

অর্থায়নে: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এবং সংগ্রাম'র নিজস্ব অর্থায়ন)। সহযোগিতায়: ইস্পাহানী ইসলামিয়া চক্ষু হাসপাতাল ও অন্যান্য চক্ষু হাসপাতাল।

**এসডিজি লিঙ্কেজ:** এসডিজি গোল-৩, লক্ষ্য-৩.৮, সূচক-৩.৮.১। কার্যক্রম শুরু : ১৯৮৮ থেকে চলমান। বাস্তবায়নাধীন এলাকা: সংগ্রাম'র সমগ্র কর্ম-এলাকা।


চক্ষু চিকিৎসা প্রদান করছেন বিশেষজ্ঞ ডাক্তার

**অর্জন:** ২০১১ সন থেকে এযাবৎ সংগৃহীত তথ্য অনুযায়ী ২,৪৭৯ জনের চোখের ছানি অপারেশন করে লেন্স লাগিয়ে দেওয়া হয়েছে এবং ১৭,৭৫৪ জন রোগীর চোখের চিকিৎসা প্রদান করা হয়েছে।



## গৃহায়ন প্রকল্প

দাতা সংস্থা-বাংলাদেশ ব্যাংক। কর্মকাণ্ড শুরু-২০১২ সন থেকে। কর্মএলাকা-সংগ্রাম'র সকল ঋণ শাখার সংশ্লিষ্ট অংশীজন। অংশীজন : ১৩৬টি।

প্রতিটি ঘর তৈরি বাবদ অর্থ বরাদ্দ বর্তমানে ১,৩০,০০০ টাকা। এযাবৎ ৩০৬ টি ঘর তৈরি বাবদ ঋণ সহায়তা প্রদান ২,৬৬,৪০,০০০। বর্তমান ঋণস্থিতি ১,৩১,৪২,৪২১ টাকা। কর্মকৌশল : বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক গৃহ নির্মাণ ঋণ পাওয়ার ক্ষেত্রে নির্বাচিত প্রত্যেক সদস্যের ২.৫% সার্ভিস চার্জে ৩ বছর মেয়াদে এককালীন ১,৩০,০০০ টাকা ঋণ প্রদান। পরবর্তীদের নির্দেশনা মোতাবেক সংগ্রাম ঘর তৈরি নিশ্চিত করে এবং বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি ১০০% পরিদর্শন করেন।

**এসডিজি লিঙ্কেজ:** গোল-১১, লক্ষ্য-১১.২, সূচক-১১.২.১।

## মিভা গ্রান্ট প্রকল্প

দাতা সংস্থা-সিডিডি (সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট), বাংলাদেশ ও Stitching Liliane Funds of Netherlands। কর্মকাণ্ড শুরু-১৫ এপ্রিল ২০২৩ - ১৫ সেপ্টেম্বর ২০২৩। কর্মএলাকা-বরগুনা জেলার পাথরঘাটা ও বামনা উপজেলা।

কর্মকৌশল: প্রত্যন্ত অঞ্চলে ঝুঁকিপূর্ণ কমিউনিটির উন্নয়নে কাজ করে MIVA এবং Liliane Foundation তাদের সাথে অংশীদারত্বের ভিত্তিতে স্থানীয় উন্নয়ন সহযোগি সংস্থাকে পরিবহণ ও যোগাযোগ সরঞ্জাম প্রদান। অনুদান : ০৫টি মোটর সাইকেল, ০৫টি ল্যাপটপ, ০১টি লেজার প্রিন্টার, ০১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ১টি ক্যামেরা।


প্রকল্পের আওতায় আইসিটি মালামাল গ্রহণ শেষে সিডিডি'র কর্মকর্তা সাথে সংগ্রাম'র নির্বাহী পরিচালক ও অন্যান্য

## প্রাইজ প্রকল্প

দাতাসংস্থা- KFW-BRAC। কর্মকাণ্ড শুরু- আগস্ট ২০২৩ থেকে মে ২০২৪। কর্মএলাকা-পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলা। অংশীজন-১৫০ জন।


ঝড়ে পড়া কিশোরদের মোবাইল সার্ভিসিং-এর প্রশিক্ষণ


**এসডিজি লিঙ্কেজ:** গোল ৮ লক্ষ্য: ৮.৫ সূচক: ৮.৫.২।

**অগ্রগতি :** প্রকল্পের আওতায় ১৫০ জনকে বিভিন্ন ট্রেডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণভুক্তকরণ।

*নোট: উপরোক্ত সকল তথ্যাদি ডিসেম্বর ২০২৩-এ সংকলিত হয়েছে।*



## সংগ্রাম'র কর্মএলাকা




সূচক
- প্রধান কার্যালয়
- এরিয়া অফিস
- শাখা অফিস
- উপজেলা
- জেলা

**অন্তর্ভুক্ত এলাকার পরিধি**

- ৬টি জেলা
- ৩১টি উপজেলা
- ১৮০টি ইউনিয়ন
- ১৬৮৯টি গ্রাম
- ১৩টি কর্মসূচি/প্রকল্প

**প্রধান কার্যালয়:** ৬৫, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা
**ঢাকা অফিস:** জেনেটিক ওয়েস্ট উড, বাড়ী-২৮৪/২৮৫, রোড-২, আদাবর, ঢাকা
ফোন: +৮৮ ০২৪৭৮৮৮৬৮২৮, +৮৮ ০১৭৩৩৩৪৭৯৩৩
ই-মেইল : contact@sangram.ngosangramngo@yahoo.com
facebook.com/ngosangram youtube.com/Sangram Ngo


'৯ম সিটি ক্ষুদ্র উদ্যোক্তা অ্যাওয়ার্ড'-এ প্রথম স্থান অর্জন করে সম্মাননা গ্রহণ করছেন সংগ্রাম'র সদস্য

সংগ্রাম মানুষের কল্যাণের ব্রত নিয়ে ১৯৮৫ সালের ৬ জানুয়ারি বাংলাদেশের সর্বদক্ষিণে বঙ্গোপসাগরের কোলঘেঁষে বরগুনা জেলার পাথরঘাটায় প্রতিষ্ঠালাভ করে। উপকূলীয় গরিব মানুষগুলোর উপর অন্যায়, শোষণ, নির্যাতনের বিরুদ্ধে সংগ্রামী চেতনায় একীভূত করার জন্য সংগ্রাম'র আবির্ভাব ঘটে। বর্তমানে এর কর্মসূচি, লোকবল ও কর্মএলাকা বরিশাল বিভাগের সর্বত্র বিরাজমান।

**রূপকল্প :** উপকূলীয় তৃণমূল পর্যায়ের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক ও মানবিক উন্নয়নের জন্য কাজ করা।

**অভিলক্ষ্য :** উপকূলীয় এলাকার দরিদ্র জনগোষ্ঠীর মাঝে সংগঠন তৈরী, মানবিক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান, সুবিধা বঞ্চিতদের মধ্যে উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার, ঋণ সহযোগিতা প্রদান, স্যানিটেশন ব্যবস্থা, পুষ্টি কার্যক্রম, প্রতিবন্ধীদের উন্নয়ন, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সক্ষমতা তৈরির মাধ্যমে ইতিবাচক উন্নয়নমূলক সমাজ বিনির্মাণ।

সংগ্রাম
(সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী)
www.sangram.ngo

## সদস্যভুক্ত নেটওয়ার্কের নাম

BSAF, CAMPE, ALRD, FNB, CDF, COFCON, GDF, NGO Forum, BNDF, NAHAB, ELNHA

## দাতা সংস্থা

ক) আন্তর্জাতিক পর্যায়ে: ACF, APHD (Hongkong), Andhery Hilfay (Germany), BCCRF, CARITAS, Concern World Wide, DANIDA, DFID, ECHO, HKI, HSBC, IDB, Oxfam (Codec), Save The children, UNDP, USCC-B, WFP. Stitching Liliane Fonds of Netherlands.

খ) দেশীয় পর্যায়ে: বাংলাদেশ সরকারের শিক্ষা বিভাগ, বন বিভাগ, পশু সম্পদ অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ বিভাগ, পানি উন্নয়ন বিভাগ, একশন এইড বাংলাদেশ, শাপলা নীড়, মাদারীপুর লিগ্যাল এইড এ্যাসোসিয়েশন, বাংলাদেশ ব্যাংক, PKSF, NGO Forum, CAMPE, COFCON, BSAF, BRAC, DAM, CODEC, IDCOL, SOLARIC, CDD.

## প্রাপ্ত সম্মাননা

স্বাধীনতা স্মৃতি পদক ২০২২, মাদার তেরেসা গোল্ডেন অ্যাওয়ার্ড ২০২১, আন্তর্জাতিক মাতৃভাষা সম্মাননা ২০১৮, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম উৎসব উপলক্ষ্যে সম্মাননা স্মারক ২০১৮, ফিদেল ক্যাস্ট্রো সম্মাননা পদক ২০১৭, মহান বিজয়দিবস সম্মাননা স্মারক ২০১৬, মাদার তেরেসা শাইনিং পার্সোনালিটি অ্যাওয়ার্ড ২০১১, মহান স্বাধীনতা দিবস হিউম্যান রাইটস গোল্ডেন অ্যাওয়ার্ড ২০১০, স্বাধীন বাংলা শাইনিং পার্সোনালিটি অ্যাওয়ার্ড ২০১০, এন্টিড্রাগ সম্মাননা স্মারক ২০১০, কাজী নজরুল ইসলাম সম্মাননা স্মারক ২০১০।

## বর্তমান অংশীজনের তথ্য

মোট অংশীজন ৫,০৮,০৩২জন এর মধ্যে নারী ৪০৯৪৮৪, শিশু ৯২৮৩জন, পুরুষ ৮৯২৬৫জন।

## এযাবৎ কর্মসূচি/ প্রকল্প বাস্তবায়ন

এযাবৎ সংগ্রাম কর্মসূচি/ প্রকল্প গ্রহণ করেছে ৯৪টি। এর মধ্যে ৮২ টি কর্মসূচি/ প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হয়েছে। বর্তমানে ১২টি কর্মসূচি/ প্রকল্প চলমান রয়েছে। এই ৯৪টি কর্মসূচি/ প্রকল্পে সহযোগিতা/ অর্থায়ন করেছে ২৮টি দাতাসংস্থা।

## লোকবল

মোট লোকবল: ৪৯৩জন, শতকরা নারী স্টাফ ৩৮% প্রতিবন্ধীব্যক্তি: ৪ জন।





## বর্তমানে চলমান কর্মসূচি/প্রকল্প



স্ট্যাটিক ক্লিনিকে মোয়াক টেপ দিয়ে পুষ্টি পরিমাপ

### সমৃদ্ধি কর্মসূচির

সহযোগিতায়: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), কার্যক্রম শুরু : মে ২০১০ থেকে চলমান, বাস্তবায়নাধীন এলাকা: বরগুনা জেলার পাথারঘাটা সদর ইউনিয়ন এবং বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়ন।

**এসডিজি লিঙ্কেজ :** গোল-৩,৪,৫ লক্ষ্য-৩.৮.৪(খ), ৫.২ সূচক-৩.৮.২, ৪(খ).১, ৫.২.১। লোকবল: ১৪৬ জন।

**উল্লেখযোগ্য অর্জন :** ক) ২০ জন ভিক্ষুককে ১ লক্ষ টাকা করে প্রদান। খ) বৈকালিন স্কুল পরিচালনা ১০০ টি। গ) ১জন এমবিবিএস ডাক্তার, ৫জন প্যারামেডিক ডাক্তার, ২৭ জন স্বাস্থ্য পরিদর্শকের মাধ্যমে স্বাস্থ্য কর্মকাণ্ড পরিচালনা। ঘ) ৬৫ টি ভার্মিকম্পোস্ট খামারি তৈরি। ঙ) ৯টি ওয়ার্ড সেন্টার স্থাপন। চ) ৬০টি সমৃদ্ধ বাড়ি তৈরি। ছ) ৪০০জন যুব অন্তর্ভূক্তি। জ) ৫,৯৮০টি ফলজ ও বনজ চারা প্রদান।

### প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি

দাতা সংস্থা-পিকেএসএফ। অর্থায়ন-পিকেএসএফ ও সংগ্রাম। কার্যক্রম শুরু: ১ জুলাই ২০১৭ থেকে চলমান। অংশীজন : নারী ১৩৯৩জন এবং পুরুষ: ১৬৪৪জন। কর্মএলাকা : বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার পাথরঘাটা সদর ইউনিয়ন ও বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়ন।



প্রবীণদের মাঝে কম্বল বিতরণ করছেন ডৌয়াতলা ইউপি চেয়ারম্যান

**এসডিজি লিঙ্কেজ :** এসডিজি গোল-৩ লক্ষ্য-৩.৮ সূচক-৩.৮।

**উল্লেখযোগ্য অর্জন :** ক) পরিপোষক ভাতা প্রদান ৫৫,৭১,৫০০ টাকা। খ) ২০০০ টাকা করে ৪৯০ জনকে মৃতের সৎকারের জন্য ৯,৮০,০০০ টাকা প্রদান। গ) ৪৫৩ জন প্রবীণ ব্যক্তিকে স্বাস্থ্যসেবা প্রদান। ঘ) ৩১জনকে প্রবীণ সম্মাননা। ঙ) ২১জনকে শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান। চ) ৩১০টি কম্বল, ১৫০টি চাদর, ৭০টি কমোড লেট্রিন, ১৪০টি ওয়ার্কিং স্টিক, ৬০টি ছাতা ও ২৮টি হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। ছ) ২জনকে সোনালী টি স্টল প্রদান।

### এসইপি শুঁটকি প্রকল্প

সহযোগিতায়: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। কার্যক্রম শুরু : ১ জুন ২০২১ থেকে ৩০ মে ২০২৩ পর্যন্ত। বাস্তবায়নাধীন এলাকা: কলাপাড়া, তালতলী ও



বরগুনা সদর, পাথরঘাটা। লোকবল: ৬ জন। অংশীজন : ১০০০ উদ্যোক্তা।

**এসডিজি লিঙ্কেজ :** এসডিজি গোল-১ লক্ষ্য-১.৩ সূচক-২.৩.২।

উল্লেখযোগ্য অর্জন : ক) দ্বিকক্ষবিশিষ্ট উঁচু লেট্রিন ৬টি খ) গভীর নলকূপ ৬টি গ) শুঁটকির উচ্ছিষ্ট দিয়ে গো-খাদ্য তৈরি মেশিন ২টি ঘ) ভ্যাকুয়াম প্যাকেজিং মেশিন ২টি ঙ) ফিশ ড্রায়ার ২টি চ) গ্রিন মাচা ৮টি ছ) ফিশ ফাইন্ডার ২২টি জ) নারী শ্রমিকদের বিশ্রামাগার ৭টি ঝ) ব্রেস্ট ফিডিং কর্নার ১টি। ঞ) নিরাপদ শুঁটকি বিক্রয়কেন্দ্র স্থাপন ১টি।



আট ফুট উঁচু গ্রিন মাচায় মাছ শুকিয়ে শুঁটকি তৈরি করা হচ্ছে।

### ক্ষুদ্রঋণ কর্মসূচি

অর্থ প্রদানকারী সংস্থা: পিকেএসএফ ও বিভিন্ন ব্যাংক। বাস্তবায়নাধীন এলাকা: বরিশাল বিভাগের সকল জেলাসমূহ। মোট ঋণ প্রকল্প-৯টি (বুনিয়াদ, জাগরণ, অগ্রসর, সুফলন, আইজিএ, এসিএল, এলআইএল, এসিপি, এলআরএল)। ঋণ শাখা-৫০ টি। সমিতি- ২ হাজার ৬৯৩ টি। মোট সদস্য-৯৯ হাজার ২১২ জন। মোট ঋণী-৪২ হাজার ৭৯৫ জন। এযাবৎ ঋণ বিতরণ : ১৮০৫.৪০ কোটি টাকা। বর্তমান ঋণস্থিতি: ১৬১.৬১ কোটি টাকা। আদায়ের হার-৯৯%। সঞ্চয় স্থিতি: ৪৫ কোটি ১৯ লক্ষ ৬৯ হাজার ৭৮৯ টাকা।



জাগরণ ঋণের সদস্য ঘরের আঙিনায় বছরব্যাপী সবজী চাষি

উল্লেখযোগ্য অর্জন : সংগ্রাম থেকে ঋণ গ্রহন করে ২০১৪ সনে বাংলাদেশে শ্রেষ্ঠ কৃষি উদ্যোক্তার পুরস্কার পেয়েছেন লাউপাড়া শাখার মো: ছোমেদ ফকির এবং ২০১৬ সনে যুগ্মভাবে দ্বিতীয় হয়েছেন কড়ইবাড়িয়া শাখার আজিজুল হক সিকদার।

### আইসিটি প্রকল্প

সহযোগিতায়: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। কার্যক্রম শুরু : ৮ মার্চ ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত। বাস্তবায়নাধীন এলাকা: বরগুনা, পটুয়াখালী, পিরোজপুর জেলা। লোকবল: ১জন। অংশীজন : ১০০০ জন উদ্যোক্তা।



বরগুনায় 'উদ্যোক্তা পণ্য প্রদর্শনী'র শুভ উদ্‌বোধন করছেন জেলা প্রশাসক মহোদয়



**এসডিজি লিঙ্কেজ :** এসডিজি গোল-৯, লক্ষ্য-৯ (খ), সূচক-৯(খ).১।

**উল্লেখযোগ্য অর্জন:** ১০০০উদ্যোক্তা প্রশিক্ষণ। ১৩২উদ্যোক্তাকে আর্থিক সহায়তা প্রদান। ১টি ই-কমার্স প্লাটফর্ম তৈরি।

### ভ্যালুচেইন উন্নয়ন প্রকল্প

সহযোগিতায়: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। কার্যক্রম শুরু : ১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩। বাস্তবায়নাধীন এলাকা: বরগুনা সদর ও পাথরঘাটা উপজেলা। লোকবল: ৩ জন। অংশীজন : ১০০০ চাষি।

**এসডিজি লিঙ্কেজ:** এসডিজি গোল-২, লক্ষ্য-২.৪ সূচক-২.৪.১। উল্লেখযোগ্য অর্জন : ক) ক্ষুদ্র চাষিদের প্রশিক্ষণ ৮ ব্যাচ, খ) হাইসান ৩৬ জাতের ৪৫০ কেজি বীজ প্রদান, গ) মাঠ দিবস আয়োজন ৪টি, ঘ) তৈল পরিশোধন মেশিন স্থাপন ১টি, ঙ) ক্ষুদ্র চাষিদের অর্থ সহায়তা প্রদান ১৯,৬৫,০০০ টাকা।



কৃষককে সূর্যমুখী প্রকল্পের আওতায় নগদ অর্থ সহায়তা প্রদান করছেন পাথরঘাটার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

### কৈশোর কর্মসূচি



উপজেলা সমন্বয় সভায় বক্তব্য রাখছেন বামনা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব সাইতুল ইসলাম লিটু

সহযোগিতায়: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। কার্যক্রম শুরু : ১ জুলাই ২০১৯ থেকে চলমান। বাস্তবায়নাধীন এলাকা: বরগুনা সদর উপজেলা ও বামনা উপজেলার ১৪টি ইউনিয়ন ও একটি পৌরসভার ১৩৫টি ওয়ার্ড। অংশীজন : ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী ২৭০টি ক্লাবের নির্বাচিত ২৬৬৯ জন কিশোর এবং ২৯৩৭ জন কিশোরী।

**এসডিজি লিঙ্কেজ:** এসডিজি গোল-৫, লক্ষ্য-৫.৩, সূচক-৫.৩.১।

**উল্লেখযোগ্য অর্জন :** ক) ২৭০ টি ক্লাব গঠন, খ) ২৬৬৯ জন কিশোর এবং ২৯৩৭ জন কিশোরীকে সফট স্কিল উন্নয়ন প্রশিক্ষন প্রদান, গ) পরীক্ষামূলকভাবে ৫টি ক্লাবে ব্লাড প্রেশার মাপার যন্ত্র, ডায়াবিটিস নির্ণয় করার যন্ত্র ও স্ট্রিপ, উচ্চতা মাপার ফিতা, গ্রোথ চার্ট, ওজন মাপার যন্ত্র, থার্মোমিটার, মোয়াক টেপ, লাইব্রেরির জন্য ১০৪ খানা বই ও স্টিল আলমারি প্রদান করা হয়েছে।